আইডিয়াল ও ঢাকা কলেজ শিক্ষার্থীদের ধাওয়া পালটা ধাওয়া

যুগান্তর

# আইডিয়াল ও ঢাকা কলেজ শিক্ষার্থীদের ধাওয়া পালটা ধাওয়া

যুগান্তর প্রতিবেদন

১৫ মে ২০২২, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ

নিউমার্কেট সংঘর্ষের রেশ কাটতে না কাটতেই শনিবার সায়েন্স ল্যাব এলাকায় আইডিয়াল কলেজ ও ঢাকা কলেজ শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া-পালটা ধাওয়া হয়েছে। আইডিয়াল কলেজের এক শিক্ষার্থী মেয়ে বন্ধুকে নিয়ে যাওয়ার সময় ঢাকা কলেজের এক শিক্ষার্থী উত্ত্যক্ত করে। এরই জেরে এ ঘটনা বলে অভিযোগ।

শনিবার বেলা ১১টার দিকে সায়েন্স ল্যাব মোড়ে দুই কলেজের শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া-পালটা ধাওয়া শুরু হলে আশপাশের সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। আতঙ্ক বিরাজ করে ব্যবসায়ী ও পথচারীদের মাঝে। তবে রক্তক্ষয়ী সংঘর্ষ বা হতাহতের ঘটনার আগেই পুলিশ ও শিক্ষকরা শিক্ষার্থীদের সরিয়ে নেন। শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে জানা গেছে, পূর্ববিরোধের জের ধরে সায়েন্স ল্যাবরেটরি মোড়ে দুই কলেজের শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া-পালটা ধাওয়া শুরু হয়। এরপর উভয় কলেজের শিক্ষকরা ঘটনাস্থলে গিয়ে তাদের শিক্ষার্থীদের সরিয়ে নিয়ে যান। দুপুরের পর থেকে পরিস্থিতি শান্ত হয়। সায়েন্স ল্যাবরেটরির পেছনে সেন্ট্রাল রোডে ঢাকা আইডিয়াল কলেজের অবস্থান। আর ঢাকা কলেজের অবস্থান সায়েন্স ল্যাবরেটরির দক্ষিণ পাশে। প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, কলেজ দুটির উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থীরা এই ধাওয়া-পালটা ধাওয়ায় জড়ায়।

ঢাকা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এটিএম মইনুল হোসেন বলেন, এটা ঠিক সংঘর্ষ নয়, দুই কলেজের শিক্ষার্থীরা ঝামেলায় জড়িয়ে পড়েছিল। পরে শিক্ষকরা গিয়ে তাদের সরিয়ে এনেছেন।

নিউমার্কেট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) স, ম, কাইউম বলেন, তাৎক্ষণিক পরিস্থিতি নিয়ন্ত্রণে এসেছে। শিক্ষার্থীরা রাস্তা ছেড়ে চলে গেছে।

সম্পাদক : **সাইফুল আলম**, প্রকাশক : **সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by The Daily Jugantor © 2022